

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে আওতায় বাগেরহাট পওর বিভাগাধীন ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ

- ০১। “বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলাধীন মধুমতি নদীর ভাঙ্গন থেকে সোনাপুর, গাড়ফা বাজার ও তৎসংলগ্ন এলাকা রক্ষা প্রকল্প”  
“বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলাধীন মধুমতি নদীর ভাঙ্গন থেকে সোনাপুর, গাড়ফা বাজার ও তৎসংলগ্ন এলাকা রক্ষা প্রকল্প” প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা (Fesibility Study) সম্পাদন হয়েছে এবং প্রতিবেদন পাওয়া গেছে। কারিগরি প্রতিবেদনের সুপারিশের আলোকে প্রকল্পের ডিপিপি প্রস্তুত করা হয়েছে দ্রুত সময়ের মধ্যে অনুমোদনের জন্য পেশ করা হবে।
- ০২। বাগেরহাট জেলার ভৈরব নদীর ভাঙ্গন হতে বাগেরহাট সদর উপজেলা সংরক্ষণ ও সৌন্দর্য বর্ধন শীর্ষক প্রকল্পঃ  
বাগেরহাট জেলার ভৈরব নদীর ভাঙ্গন হতে বাগেরহাট সদর উপজেলা সংরক্ষণ ও সৌন্দর্য বর্ধন শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা (Fesibility Study) সম্পাদনের জন্য Project for Feasibility Study (PFS) প্রনয়নের কাজ চলমান রয়েছে।
- ০৩। প্রস্তাবিত পোল্ডার নং-৩৫/২ এর আওতায় মোড়েলগঞ্জ রামপাল, মোংলা উপজেলায় ৯৫ কিঃমিঃ বেড়ি বাঁধ শীর্ষক প্রকল্পঃ  
৩৫/২ পোল্ডারের জনগণের নিরাপত্তার স্বার্থে জরুরি ভিত্তিতে মোড়েলগঞ্জ, রামপাল, মোংলা উপজেলায় প্রায় ৯৫ কিলোমিটার বেড়ী বাঁধ ও প্রয়োজনীয় জলকার্ঠামো নির্মাণে ডিপিপি প্রণয়নের লক্ষ্যে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা (Fesibility Study) সম্পাদনের জন্য Project for Feasibility Study (PFS) প্রনয়নের কাজ চলমান রয়েছে।
- ০৪। মোংলা ঘষিয়াখালী চ্যানেলের সংযোগকৃত ৫৬টি নদী/খাল পুনঃখননের ডিপিপি প্রনয়ননঃ  
মংলা-ঘষিয়াখালী চ্যানেলের নাব্যতা বৃদ্ধি ও অবাধ প্রবাহ নিশ্চিত করণের লক্ষ্যে মংলা-ঘষিয়াখালী চ্যানেলের সংযোগ খালের স্বাভাবিক জোয়ার-ভাটা কার্যকরী ও জলাবদ্ধতা নিরসনের জন্য মোংলা-ঘষিয়াখালী চ্যানেলের সাথে সংযোগকৃত আরো ৫৬টি নতুন নদী/খাল পুনঃখননের ডিপিপি প্রনয়নের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা (Fesibility Study) সম্পাদনের জন্য Project for Feasibility Study (PFS) প্রনয়নের কাজ চলমান রয়েছে।
- ০৫। “বাগেরহাট জেলার পোল্ডার নং-৩৫/১, ৩৫/৩ এবং মোংলা-ঘষিয়াখালী চ্যানেল এর ঝুঁকিপূর্ণ অংশে নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়নঃ  
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত অনুশাসনের বিষয়ে নির্দেশনার আলোকে পোল্ডার নং-৩৫/১ ও ৩৫/৩ এর প্রকল্পটির ডিপিপি পুনঃগঠিতকরে পুনরায় প্রেরণের জন্য সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) সম্পাদনের জন্য Project for Feasibility Study (PFS) PFS প্রনয়নের কাজ চলমান রয়েছে।